

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৯১

বিলোনীয়া, ২ নভেম্বর, ২০২৪

১৪ নভেম্বর বিলোনীয়ায় রাজ্যভিত্তিক শিশু দিবস

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগামী ১৪ নভেম্বর রাজ্যভিত্তিক শিশু দিবস বিলোনীয়ায় অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ সমবায় মন্ত্রী শুল্কচরণ নোয়াতিয়ার সভাপতিত্বে জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় অনুষ্ঠানটি হবে বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে। অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে। অনুষ্ঠানকে সফল করে তুলতে একটি উপদেষ্টা কমিটি, একটি কার্যকরী কমিটি এবং ছয়টি উপকমিটি গঠন করা হয়েছে। সমবায় মন্ত্রী অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করে তুলতে প্রত্যেকের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সহকারি সভাধিপতি তপন দেবনাথ, বিধায়ক স্বপ্না মজুমদার, জেলাশাসক ও সমাহৃতা স্মিতা মল, বিলোনীয়া ও শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন ও ভাইস চেয়ারপার্সন, বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, জেলা শিক্ষা আধিকারিক সহ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*